

এই পর্য্যন্ত
দাবী নিষ্পত্তিজনিত
শুনানীর বিজ্ঞপ্তি না পাওয়া
দাবীদারদের দ্বারা
দাবীর শুনানী
সম্পর্কীয় অনুরোধ

অন্তিম তারিখ
১২ জুলাই ২০১৯ পর্য্যন্ত
বৃদ্ধি করা হচ্ছে

৩০ জুলাই ২০১৮ তারিখে প্রকাশিত সম্পূর্ণ খসড়া এন আর সি থেকে যাদের নাম বাদ
পরেছে বা ২৬ জুন ২০১৯ তারিখে প্রকাশিত অতিরিক্ত খসড়া বাদ পরা তালিকায় যাদের
নাম অন্তর্ভুক্ত হয়েছে তাদের দ্বারা দাখিল করা দাবীসমূহ শুনানীর দ্বারা নিষ্পত্তি করা হচ্ছে।

যদি আপনি দাবী দাখিল করে থাকেন কিন্তু শুনানীর সময়সূচী
এখন পর্য্যন্ত ধার্য্য না হয়ে থাকে, তাহলে কি করবেন?

যারা দাবী দাখিল করেছেন কিন্তু এখন পর্য্যন্ত দাবী নিষ্পত্তির
জন্য অনুষ্ঠিতব্য শুনানীতে উপস্থিত হওয়ার জন্য কোন
বিজ্ঞপ্তি পাননি তারা :

- এন আর সি ওয়েবসাইট দেখুন এবং “CLAIMS HEARING SCHEDULE PORTAL” লিঙ্ক দেখুন
- আপনার ‘এ আর এন’ (ARN), ‘সদস্য আই ডি’ (Member ID) এবং শুনানীর তারিখ উল্লেখ করা শুনানীর সময়সূচী ধার্য্য করা হয়েছে কিনা দেখুন

CLAIMS HEARING SCHEDULE PORTAL এ আপনার শুনানীর দিন যদি এখনও ধার্য্য করা হয়নি অর্থাৎ আপনার ‘এ আর এন’ (ARN) এর জন্য / আপনার ‘এ আর এন’ (ARN) এ থাকা কোন সদস্যের জন্য শুনানীর তারিখ ধার্য্য না হয়ে থাকে, তাহলে আপনার ‘এ আর এন’ (ARN) এর / শুনানীর ডাক না পাওয়া সদস্যদের জন্য শুনানীর দিন ধার্য্য করতে এন আর সি ওয়েবসাইটে থাকা “CLAIMS HEARING REQUEST PORTAL” লিঙ্কে অনুরোধ জানাতে পারবেন। এর জন্য

জনগণকে নিম্নলিখিত তথ্যসমূহ দাখিল করতে হবে :

- এ আর এন নম্বর
- সদস্য আই ডি
- দাবীদারদের নাম
- যোগাযোগের নম্বর
- দাবী দাখিলের প্রমাণস্বরূপ মনোনীত এন আর সি সেবাকেন্দ্রে দাবী দাখিলের সময় দেওয়া দাবী প্রাপ্তির রশিদ (JPG/PNG/PDF আকারে) আপলোড করতে হবে।

এই সুবিধা শুধু সেসব দাবীদারদের জন্যই প্রযোজ্য হবে যারা ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের পূর্বেই দাবী দাখিল করেছেন বা যাদের নাম অতিরিক্ত খসড়া বাদ পরা তালিকায় ছিল এবং এখনও পর্য্যন্ত এন আর সি কর্তৃপক্ষের দ্বারা তাদের শুনানীর তারিখ ধার্য্য করা হয়নি

ওপরোক্ত সুবিধা ৫ জুলাই থেকে ১২ জুলাই ২০১৯ পর্য্যন্ত উপলব্ধ হবে।

এধরণের সব দাবী ৩১ জুলাই ২০১৯ তারিখে চূড়ান্ত এন আর সি প্রকাশের পূর্বেই নিষ্পত্তি করা হবে।